



## পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্ক শ্রমিক ইউনিয়ন

১৮এ ব্রাবোর্ণ রোড, কলকাতা-৭০০ ০০১

( বি.ই.এফ.আই-এর অন্তর্ভুক্ত সংগঠন )

রেজিঃ নং— ৪১৯৯



সার্কুলার নং ১৪/২০১৬

তারিখ : ৩১/১২/২০১৬

### পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্ক-এর সকল কর্মচারীর জন্য

প্রিয় সাথী,

আমরা অত্যন্ত আনন্দের সাথে জানাচ্ছি আমাদের সংগঠনের হীরক জয়ন্তী বর্ষ উদযাপন ও উনবিংশতিতম মিলনোৎসব উপলক্ষ্যে গত ২৩শে ডিসেম্বর (শুক্রবার) ৭ জন মহিলা সহ ১২০ জন রক্তদাতা রক্তদান শিবিরে অংশগ্রহণ করে এই অনুষ্ঠানটিকে সর্বতোভাবে সফল করে তোলেন। সংগঠনের কেন্দ্রীয় কমিটির পক্ষ থেকে সকল রক্তদাতা সহ উপস্থিত সকলকে সংগ্রামী অভিনন্দন জানাই। এই অনুষ্ঠানে পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্ক এর জোনাল ম্যানেজার (কলকাতা) ও সার্কেল হেড (কলকাতা) উপস্থিত ছিলেন।

সংগঠনের হীরক জয়ন্তী বর্ষ উদযাপন ও উনবিংশতিতম মিলনোৎসব উপলক্ষ্যে আগামী ১৫ই জানুয়ারী, ২০১৭ (রবিবার) ব্যাঙ্কের লায়ল রেঞ্জ শাখায় বিকেল ৩ টায় বসে আঁকো প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে।

সকল স্তরের কর্মচারীদের পুত্র-কন্যা সহ আত্মীয় স্বজন, গ্রাহকবৃন্দ ও তাদের পুত্র-কন্যারাও এই প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবেন।

প্রত্যেক প্রতিযোগীকে নিজস্ব পেন্সিল, রাবার, রঙ ও বোর্ড আনতে হবে।

আঁকার বিষয় প্রতিযোগিতার দিন ঘোষণা করা হবে।

‘ক’, ‘খ’, ‘গ’ ও ‘ঘ’ এই চারটি বিভাগ থাকবে। ‘ক’, ‘খ’ ও ‘গ’ বিভাগে যে কোনো রঙ ব্যবহার করা যাবে। কিন্তু ‘ঘ’ বিভাগে জল রঙ ব্যবহার করা বাধ্যতামূলক।

‘ক’ বিভাগ — ৬ বছর বয়স পর্যন্ত

‘খ’ বিভাগ — ৬+ থেকে ৯ বছর বয়স পর্যন্ত

‘গ’ বিভাগ — ৯+ থেকে ১২ বছর বয়স পর্যন্ত

‘ঘ’ বিভাগ — ১২+ থেকে ১৫ বছর বয়স পর্যন্ত

অংশগ্রহণের জন্য নাম পাঠানোর শেষ তারিখ ১৩ই জানুয়ারী, ২০১৭। সংগঠনের কেন্দ্রীয় অফিসে নাম পাঠানোর জন্য নিচে লেখা চার জনের যে কোনো এক জনের সাথে যোগাযোগ করতে অনুরোধ জানাচ্ছি—

১) বারিদ বরণ দাস (মোবাইল নং ৯৪৩৩১৭২৯৩৯)

২) সুনয় বিশ্বাস (মোবাইল নং ৯৯০৩৩৬১৩৯৮)

৩) নৃসিংহ প্রসাদ সরকার (মোবাইল নং ৯৪৩৩৯০৮৩৮৮) এবং

৪) সন্দীপ পাল (মোবাইল নং ৮০১৩২৮৬২৫১)

প্রতিযোগিতায় বিচারকের রায়ই চূড়ান্ত।

এই অনুষ্ঠানটিকে সর্বাঙ্গসুন্দর ও সফল করতে সকল স্তরের কর্মচারীদের প্রত্যক্ষ অংশগ্রহণ ও স্বতঃস্ফূর্ত সহযোগিতার আবেদন রাখছি।

আসন্ন ইংরাজী নববর্ষের শুভেচ্ছা ও আন্তরিক অভিনন্দন সহ,

আহ্বায়ক কমিটির পক্ষে,  
বারিদ বরণ দাস  
।। যুগ্ম আহ্বায়ক ।।